

কম্পট্রোলার

এলিয়ট স্পিটজার (Eliot Spitzer) (D)

NYC-র কম্পট্রোলার হিসেবে, আমি শুধুমাত্র টাকাপয়সাগুলি গুনবো না। আমি টাকাপয়সাগুলিকে গণ্য করাবো। এটি নিশ্চিত করার জন্যে যে আপনাদের টাকাগুলি সেখানেই যাচ্ছে যেখানে সেগুলির যাওয়ার কথা, এবং যেটি করার কথা সেটিই করছে তার মানে সিটির সংস্থাগুলিকে, এবং সিটি হল-কে দায়ী করা তারা কি খরচা করছে এবং কি খাতে সেটি খরচা করছে সেটির জন্যে, ক্রমাগত ফলাফল এবং খরচের হিসাব রাখা এটি নিশ্চিত করার জন্যে যে সেটি সঠিকভাবে খরচ করা হচ্ছে এবং নিরপেক্ষভাবে খরচ করা হচ্ছে কি না। সেই টাকাটি আমাদের বয়োজের্ঠদের থাকার জায়গাগুলিতে, আমাদের স্কুলগুলিতে, আমাদের গ্রন্থাগারগুলিতে এবং আমাদের চিকিৎসাকেন্দ্রগুলিতে যাচ্ছে। এটি হচ্ছে শহরটির জীবনীশক্তি, যে টাকার ওপর নিউ ইয়র্ক-বাসীরা নির্ভর করেন - এবং NYC-র কম্পট্রোলার ওপর নির্ভর করে প্রতিটি পয়সার ওপর নজর রাখার কাজটি এটি দেখার জন্যে যে সেটি শহরের প্রতিটি কোণায় যাচ্ছে এবং যে সেটি সাহায্য করছে তাঁদেরকে যাঁদের সেটির সবথেকে গুরুতরভাবে প্রয়োজন। কিন্তু আমি এই পদটি নিয়ে আরো বেশি কাজ করবো। আরো অনেক বেশি। আমি এটি নিশ্চিত করবো যে সেই সব ওয়াল স্ট্রীট -এর সংস্থাগুলি যাঁরা চান আমরা তাঁদের কাছে টাকা খাটাই, যে তাঁরা নিয়ম মেনে চলবেন। যাতে যে ওয়াল স্ট্রীট -এর অত্যাচারের বিরুদ্ধে আমি কঠিন লড়াই করেছি NYS-র প্রধান মোক্তার হিসেবে, সেগুলি আমার সময়ে আর চলবে না। যদি টাকাই ক্ষমতা হয়, তাহলে ১৪০ বিলিয়ন ডলারের মূল্যের আপনাদের টাকা যথেষ্ট ক্ষমতা ব্যবহার বদলানোর জন্যে - এবং এই সিটিকে বদলানোর জন্যে।

*প্রার্থী কর্তৃক প্রদেয় তথ্য অনুবাদ করে মুদ্রিত। ক্যাম্পেইন ফাইন্যান্স প্রোগ্রাম অংশগ্রহণ করছে না।*